গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ
www.plancomm.gov.bd

নং- ২০.০৬.০০০০.৬০৪.০২.০০২.২৪- ১০৪

তারিখঃ ১০ চৈত্র ১৪৩০ / ২৪ মার্চ ২০২৪

**বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের এডিপিভুক্ত বৈদেশিক অর্থায়নপুষ্ট প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা কমিটির ১ম সভার কার্যবিবরণী প্রেরণ।**

গত ০৬ মার্চ ২০২৪ (২২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ) তারিখে ২০২৩-২৪ অর্থবছরের এডিপিভুক্ত বৈদেশিক অর্থায়নপুষ্ট প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা কমিটির ১ম সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তিঃ বর্ণনামতে ০৫ (পাঁচ) পৃষ্ঠা।**

Shahrin
২৪।০৩।২০২৪

(তানজিনা শাহরীন)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৪৮১২২৩৭৫
ইমেইলঃ shahrinp@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. নির্বাহী চেয়ারম্যান (সিনিয়র সচিব), বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
৬. সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, সেতু বিভাগ, নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা।
৯. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১. সচিব, রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১৫. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৬. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সদস্য (সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২০. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২২. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
২৫. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২. সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩. সদস্য (সচিব), আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৪. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫. সদস্য (সচিব), শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৬. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (কৃষি ও সমন্বয় অনুবিভাগ), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. যুগ্মসচিব (বাজেট), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. যুগ্মপ্রধান (সকল)/উপপ্রধান (সকল), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. সিনিয়র সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১০. সিনিয়র সহকারী সচিব/গবেষণা কর্মকর্তা (সকল), কার্যক্রম বিভাগ, কার্যক্রম বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ
www.plancomm.gov.bd

**বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের এডিপিভুক্ত বৈদেশিক অর্থায়নপুষ্ট প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা কমিটির ১ম সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ০৬ মার্চ ২০২৪, বুধবার |
| সময় | : | দুপুর ১২:০০ টা |
| স্থান | : | এনইসি সম্মেলন কক্ষ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন |
| সভাপতি | : | জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া<br>প্রধানমন্ত্রীর মুখ্য সচিব<br>প্রধানমন্ত্রীর কার্যালয় |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সকলকে অবহিত করেন যে, গত ২৪ জানুয়ারি, ২০২৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত "বাংলাদেশ পরিকল্পনা কমিশন" এর সভায় বৈদেশিক অর্থায়নপুষ্ট প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়ন করার লক্ষ্যে ত্রৈমাসিক ভিত্তিতে অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের নেতৃত্বে একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে প্রধানমন্ত্রীর মুখ্য সচিবকে সভাপতি করে ২৭ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে ৭ সদস্য বিশিষ্ট বৈদেশিক অর্থায়নপুষ্ট প্রকল্পে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য কমিটি গঠন করা হয়। এ প্রেক্ষিতে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)ভুক্ত বৈদেশিক অর্থায়নপুষ্ট প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনাসহ আনুষাঙ্গিক বিষয়ে আলোচনার নিমিত্ত অদ্যকার সভা আয়োজন করা হয়েছে। এ পর্যায়ে তিনি সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ (সদস্য, কার্যক্রম বিভাগ)-কে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপনের আহ্বান জানান।

**২.০। আলোচনা:**

**আলোচ্যসূচি: (ক) ২০২৩-২৪ অর্থবছরের এডিপিভুক্ত বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমূহের অর্থ ছাড়/অগ্রগতি পর্যালোচনা:**

২.১। সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ সভায় উল্লেখ করেন, ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে সর্বমোট ২,৬৩,০০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে, যার মধ্যে বৈদেশিক অর্থায়নের (প্রকল্প ঋণ/অনুদান) পরিমাণ ৯৪,০০০ কোটি টাকা। ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত প্রকল্প ঋণ/অনুদান খাতে ৪২টি মন্ত্রণালয়ের অনুকূলে ব্যয়ের পরিমাণ ২৮,৩৮৪ কোটি টাকা (৩০.১৯%)। উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত আরএডিপিতে প্রকল্প ঋণ/অনুদান খাতে ৪৭টি মন্ত্রণালয়ের অনুকূলে ৮৩,৫০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। অতঃপর তিনি ২০০৮-০৯ অর্থবছর হতে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত এডিপিতে জিওবি ও প্রকল্প ঋণ/অনুদানের আনুপাতিক হার সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, ২০০৮-০৯ অর্থবছরের এডিপিতে জিওবি ও প্রকল্প ঋণ/অনুদান এর অনুপাত ছিল ৬০:৪০, যা ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে ৬৬:৩৪ এ উন্নীত হয়েছে।

২.২। বিগত ৫ অর্থবছরের জুলাই-জুন পর্যন্ত বৈদেশিক অর্থায়নপুষ্ট প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির তুলনামূলক চিত্র সভায় উপস্থাপন করা হয়। সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ বলেন, ২০১৮-১৯ অর্থবছরে এডিপির তুলনায় আরএডিপিতে প্রকল্প ঋণ/অনুদান হ্রাসের পরিমান ছিল ৯,০০০ কোটি টাকা এবং ২০২২-২৩ অর্থবছরে এডিপির তুলনায় আরএডিপিতে হ্রাসের পরিমান বৃদ্ধি পেয়ে ১৮,৫০০ কোটি টাকায় উন্নীত হয়েছে। ফলে প্রকল্প ঋণ/অনুদান ব্যবহারের সক্ষমতা ক্রমবর্ধমান

হারে হ্রাস পাচ্ছে মর্মে পরিলক্ষিত হয়। তিনি আরো বলেন, ২০২৩-২০২৪ অর্থবছরের জানুয়ারি পর্যন্ত প্রস্তাবিত আরএডিপির আলোকে বাস্তবায়ন অগ্রগতি ২৮,৩৮৪ কোটি টাকা (৩৪%); যা বিগত ২০২২-২৩ অর্থবছরের একই সময়ে আরএডিপির বাস্তবায়ন অগ্রগতির তুলনায় ৫.১৩% কম।

২.৩। সভায় ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত আরএডিপিতে বরাদ্দের ক্রমানুসারে প্রকল্প ঋণ/অনুদানপ্রাপ্ত ৪৭টি মন্ত্রণালয়/বিভাগের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত আরএডিপিতে প্রকল্প ঋণ/অনুদান খাতে ৪৭টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ০৫টি মন্ত্রণালয়/বিভাগ (বিদ্যুৎ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, রেলপথ মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ)-এর অনুকূলে বরাদ্দকৃত অর্থ প্রস্তাবিত আরএডিপির মোট প্রকল্প ঋণ/অনুদানের ৬৫ শতাংশ। সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত উক্ত ০৫টি মন্ত্রণালয়ের বাস্তবায়ন অগ্রগতির ওপর ২০২৩-২৪ অর্থবছরের আরএডিপির বাস্তবায়ন অগ্রগতি বহুলাংশে নির্ভর করবে বলে তিনি সভায় অবহিত করেন। তিনি আরও বলেন, বিদ্যুৎ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, রেলপথ মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-এর অনুকূলে প্রস্তাবিত আরএডিপিতে প্রকল্প ঋণ/অনুদান খাতে মোট বরাদ্দের পরিমাণ যথাক্রমে ১৯,০৫১; ১০,০০৫; ৯,৪৯২; ৯,০০০ এবং ৬,৬৯৬ কোটি টাকা। চলতি অর্থবছরের জানুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রকল্প ঋণ/অনুদান ব্যবহারে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (৯৪.৪৯%), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (৮০.৯৬%), আইন ও বিচার বিভাগ (৮০.৮৬%), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় (৬২.৬%), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (৫৯.৭২%) সর্বোচ্চ অগ্রগতিসম্পন্ন মন্ত্রণালয়/বিভাগ বলে তিনি সভায় উল্লেখ করেন।

২.৪। সভায় ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত আরএডিপিতে বৈদেশিক অর্থায়নপুষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হ্রাসের চিত্র উপস্থাপন করা হয়। ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত আরএডিপিতে বৈদেশিক অর্থায়নপুষ্ট ৪৭টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ২৪ মন্ত্রণালয়/বিভাগে এডিপির তুলনায় আরএডিপিতে প্রকল্প ঋণ/অনুদান খাতে ১২,৮৬৩ কোটি টাকা বরাদ্দ হ্রাস পেয়েছে, ২০টি মন্ত্রণালয়/বিভাগের আরএডিপি বরাদ্দ বৃদ্ধি পেয়েছে, ৩টি মন্ত্রণালয়/বিভাগের আরএডিপি বরাদ্দ অপরিবর্তিত রয়েছে। তন্মধ্যে, নৌপরিবহন মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ আরএডিপিতে প্রকল্প ঋণ/অনুদান খাতে সর্বোচ্চ বরাদ্দ হ্রাস করেছে; হ্রাসকৃত অর্থের পরিমাণ যথাক্রমে ৩,৫৫২; ৩,২০৫ এবং ২,৬৬৬ কোটি টাকা।

২.৫। সভায় ২০২৩-২০২৪ অর্থবছরের আরএডিপিতে প্রকল্প ঋণ/অনুদান বরাদ্দ ব্যবহারে ৩৪% এর নিচে অগ্রগতিসম্পন্ন মন্ত্রণালয়/বিভাগসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় নিম্ন অগ্রগতির (৯.৮৭%) কারণ হিসেবে উল্লেখ করেন যে, নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন ০১টি প্রকল্পের সাবসিডিয়ারি লোন এগ্রিমেন্টের ইন্টারেস্ট রেট নিয়ে সৃষ্ট সমস্যার কারণে জানুয়ারি, ২০২৪ পর্যন্ত ব্যয় অগ্রগতি কম হয়েছে। তবে বর্তমানে উক্ত সমস্যা নিরসন হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ জানান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন ০১টি প্রকল্পের দরপত্র ভেরিয়েশন অনুমোদনের বিষয়টি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। উক্ত কাজের বিল পরিশোধের পর অগ্রগতি সন্তোষজনক পর্যায়ে উন্নীত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। আলোচনার এ পর্যায়ে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ সভায় জানান, সিডি ভ্যাট সংক্রান্ত জটিলতা এবং মালামাল আমদানীতে বিলম্ব হওয়ার প্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় জানুয়ারি, ২০২৪ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি ধীর (৩২.১০%) মর্মে পরিলক্ষিত হচ্ছে; তবে শীঘ্রই অগ্রগতি আশাব্যঞ্জক পর্যায়ে উপনীত হবে।

২.৬। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সভায় মন্ত্রণালয়ের অগ্রগতি তুলনামূলক কম (৩১.৫১%) হওয়ার কারণ হিসেবে জানান, কক্সবাজারে গ্লোবাল পার্টনারশিপের আওতায় বাস্তবায়নাধীন একটি প্রকল্পের অগ্রগতি এ পর্যায়ে কিছুটা কম বলে মন্ত্রণালয়ের সার্বিক অগ্রগতি ব্যাহত হচ্ছে। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় সভায় উল্লেখ করেন, পানি সম্পদ মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ে কাজ মূলতঃ শুকনো মৌসুমে সম্পাদিত হয়। বর্তমানে প্রকল্পের কাজ পুরোদমে চলমান রয়েছে। বিল পরিশোধের পর জুন, ২০২৪ এর মধ্যে মন্ত্রণালয়ের প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি কাঙ্ক্ষিত পর্যায়ে পৌঁছাবে। সচিব, কৃষি মন্ত্রণালয় সভায় উল্লেখ করেন, কৃষি মন্ত্রণালয়ের একটি প্রকল্পের (ক্লাইমেট-স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট) কম্পোনেন্ট বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক ধীর গতিতে বাস্তবায়ন হচ্ছে। এছাড়া, "প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড



২৭১৮

রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্টারপ্রিনিউরশীপ এন্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ” শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগে বিলম্ব হওয়ার কারণে মন্ত্রণালয়ের অগ্রগতি ধীর পরিলক্ষিত হচ্ছে মর্মে তিনি সভাকে জানান।

২.৭। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সভায় উল্লেখ করেন, বেশ কয়েকটি প্রকল্পের দরপত্র কার্যক্রম প্রক্রিয়াধীন পর্যায়ে রয়েছে। জানুয়ারি, ২০২৪ পর্যন্ত মন্ত্রণালয়ের অগ্রগতি কম (২১.১৯%) হলেও জুন, ২০২৪ পর্যন্ত অগ্রগতি সন্তোষজনক পর্যায়ে উন্নীত হবে। এ পর্যায়ে সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সভায় জানান, উন্নয়ন সহযোগী দেশ রাশিয়ার অর্থবছর জানুয়ারি-ডিসেম্বর বিধায় জানুয়ারি, ২০২৪ পর্যন্ত মন্ত্রণালয়ের অগ্রগতি তুলনামূলকভাবে কম (৩০.৫৬%) হলেও জুন, ২০২৪ এর মধ্যে অগ্রগতি সন্তোষজনক হবে। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সভায় বলেন, বিশ্বব্যাংকের সঙ্গে সফটওয়্যার ক্রয় সংক্রান্ত বিষয়ে একটি জটিলতার কারণে এ বিভাগের জানুয়ারি, ২০২৪ পর্যন্ত অগ্রগতি (৭.১৮%) কম হলেও বর্তমানে উক্ত জটিলতা নিরসন হয়েছে। আলোচনায় অংশগ্রহণ করে বাংলাদেশে অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের প্রতিনিধি সভায় জানান, পিপিপির আওতায় বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ)-এর সঙ্গে একটি প্রকল্প বাস্তবায়নে কিছু জটিলতা হচ্ছে বিধায় বর্তমানে প্রকল্প বাস্তবায়নে ধীর অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে।

২.৮। সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ প্রকল্প ঋণ/অনুদান খাত ব্যবহারের চ্যালেঞ্জসমূহের কারণ সভায় উপস্থাপন করে বলেন, উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক প্রকল্প দলিল প্রণীত হওয়ায় জাতীয় নীতি ও কৌশলের পরিবর্তে আঞ্চলিক/বৈশ্বিক বিষয়াদির প্রাধান্য পায়। এছাড়া, প্রকল্প দলিল প্রণয়নে ও প্রকল্প গ্রহণে উন্নয়ন সহযোগী সংস্থার সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সমন্বয়ের অভাব পরিলক্ষিত হয়। তিনি আরো উল্লেখ করেন, প্রকল্প অনুমোদন পর্যায়ে দীর্ঘসূত্রিতা এবং একনেক অনুমোদনের পূর্বে পূর্ণাঙ্গ ডিজাইন সম্পন্ন না হওয়ায় ক্রয় প্রক্রিয়া শুরু করতে বিলম্বসহ উন্নয়ন সহযোগীদের শর্ত অনুসরণ করে আরপিএ অর্থ ছাড়ে দীর্ঘসূত্রিতা পরিলক্ষিত হয়। এছাড়াও, টেন্ডার ডকুমেন্ট প্রস্তুতকরণে বিভিন্ন ধাপে উন্নয়ন সহযোগী'র অনুমোদন/সম্মতি (concurrence) গ্রহণ করতে হয়, যা দরপত্র প্রক্রিয়াকরণকে বিঘ্নিত করে। এছাড়া, অর্থবছরের শুরুতে কর্মপরিকল্পনা ও ক্রয়পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যাদি যথাসময়ে শুরু না করা, প্রকল্প পরিচালকের প্রকল্প ঋণ/অনুদান ব্যবহারে যথাযথ প্রশিক্ষণের অভাব, যন্ত্রপাতি/মালামাল আমদানিতে বিলম্ব হওয়া এবং ঠিকাদারের সক্ষমতার অভাবজনিত সমস্যার ওপর তিনি আলোকপাত করেন।

২.৯। প্রকল্প ঋণ/অনুদান খাত ব্যবহারের সুপারিশ হিসেবে সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ বলেন, প্রকল্প প্রণয়ন পর্যায় থেকেই মন্ত্রণালয়ে ফোকাল পার্সন নিয়োগপূর্বক প্রকল্প দলিল প্রণয়ন ও গ্রহণে উন্নয়ন সহযোগী সংস্থার সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সমন্বয় আবশ্যক। টেন্ডার ডকুমেন্ট প্রণয়নের প্রতিটি ধাপে উন্নয়ন সহযোগী'র অনুমোদন/সম্মতির বাধ্যবাধকতা শিথিল এবং যন্ত্রপাতি/মালামাল আমদানিতে বিলম্ব রোধে ব্যবস্থা গ্রহণ করার ওপর তিনি গুরুত্বারোপ করেন।

২.১০। ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত আরএডিপিতে প্রকল্প ঋণ/অনুদানপ্রাপ্ত নিম্ন অগ্রগতিসম্পন্ন মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রকল্প নিয়ে বিস্তারিত আলোচনা হয়। Line of Credit (LoC) সংক্রান্ত জটিলতা, উন্নয়ন সহযোগী সংস্থা বিশ্বব্যাংকের গাইডলাইনের অস্পষ্টতা ও ঋণ/অনুদান প্রাপ্তির দীর্ঘসূত্রিতা, দরপত্রের ভ্যারিয়েশনজনিত জটিলতার কারণে বিল পরিশোধে বিলম্ব হওয়া, বারবার প্রকল্প সংশোধন, পুনর্ভরণজনিত কারণসহ পিপিপি'র আওতায় প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতা, ইত্যাদি কারণসমূহ প্রকল্প বাস্তবায়নকে ধীরগতিসম্পন্ন করেছে মর্মে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিবগণ সভায় অবহিত করেন।

২.১১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব বৈদেশিক অর্থায়নপুষ্ট প্রকল্প বাস্তবায়নে ক্রয় প্রক্রিয়ার প্রতিটি ধাপে উন্নয়ন সহযোগীদের নিকট থেকে সম্মতি/অনাপত্তি (NoC) গ্রহণের বিষয়টি সহজীকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে নিয়ে সভা আয়োজন এবং LoC এর মাধ্যমে বাস্তবায়িত কিছু প্রকল্পে উদ্ভুত জটিলতা দ্রুত নিরসনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগকে অনুরোধ করেন। সভায় সবুজ ও জলবায়ু সহনশীল উন্নয়নে নবায়নযোগ্য জ্বালানী উৎপাদন ও ব্যবহার বৃদ্ধিতে গুরুত্বারোপ করা হয় এবং নবায়নযোগ্য জ্বালানী উৎপাদনের লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে কৃষি জমিতে (যে ফসলী হোক না কেন) কোন সোলার প্ল্যান্ট স্থাপন করা যাবে না, প্রয়োজনে বিদ্যমান স্কুল ভবন বা উঁচু ভবনে সোলার

প্যানেল স্থাপন করার বিষয়ে তিনি পরামর্শ দেন। সভাপতি সিনিয়র সচিব/সচিবগণকে প্রকল্প বাস্তবায়নে নিবিড়ভাবে সংযুক্ত থেকে নিয়মিতভাবে মাঠ পর্যায়ে বৈদেশিক অর্থায়নপুষ্ট প্রকল্পের কার্যক্রম পরিদর্শন ও পরিবীক্ষণ করার জন্য অনুরোধ করেন। সর্বোপরি বৈদেশিক অর্থায়নপুষ্ট প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা কমিটির সভা নিয়মিত আয়োজনের জন্য তিনি নির্দেশনা দেন।

**আলোচ্যসূচি: (খ) Green and Climate Resilient Development (GCRD) নীতিমালার আলোকে প্রকল্প নির্ধারণ:**

২.১২। সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ সভায় বলেন, উন্নয়ন এজেন্ডায় পরিবেশ সুরক্ষার সাথে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার লক্ষ্যে বিগত ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকায়" Green and Climate Resilient Development (GCRD) তথা 'সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন' বিষয়টি অন্তর্ভুক্ত করে একটি নীতিমালা জারি করা হয়েছে। সভায় GCRD এর নীতিমালায় বর্ণিত সেক্টরওয়ারী অগ্রাধিকার ক্ষেত্রসমূহ উপস্থাপন করা হয়। GCRD নীতিমালা প্রতিফলন করে এডিপি/আরএডিপি'র অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির প্রস্তাব মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক যথাযথভাবে যাচাই করা এবং প্রযোজ্য ক্ষেত্রে এ নীতিমালার আলোকে Preliminary Development Project Proposal (PDPP) প্রস্তুতপূর্বক ইআরডি'তে প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি পরামর্শ দেন।

২.১৩। আলোচনায় অংশগ্রহণ করে বিভিন্ন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/সচিবগণ জানান যে, GCRD এর নীতিমালার আলোকে ইতোমধ্যে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে এবং প্রকল্প প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে। সচিব, কৃষি মন্ত্রণালয় সভায় জানান, সেচ পাম্পগুলো সৌরবিদ্যুতের মাধ্যমে পরিচালনার লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় কর্তৃক কিছু প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে; যা নবায়নযোগ্য জ্বালানী ব্যবহারকে উৎসাহিত করছে। এছাড়া, GCRD আলোকে প্রকল্প গ্রহণ করে বৈদেশিক অর্থায়ন প্রাপ্তি ও এর সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের বিষয়ে সচিব, অর্থ বিভাগ সকলের দৃষ্টি আকর্ষণ করেন। আলোচনার এ পর্যায়ে স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের বিষয়টিকে প্রাধান্য দিয়ে সবুজ ও জলবায়ু সহিষ্ণু সংক্রান্ত প্রকল্প গ্রহণের বিষয়ে আহ্বান জানানো হয়।

**আলোচ্যসূচি: (গ) Project Planning System (PPS) সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে প্রকল্প প্রক্রিয়াকরণ:**

২.১৪। সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ Project Planning System (PPS) সফট্ওয়্যার এর মাধ্যমে অনলাইনে প্রকল্প প্রক্রিয়াকরণের বিষয়টি বিশদভাবে সভায় উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, সরকারের ডিজিটাল বাংলাদেশ স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে অনলাইনে প্রকল্প প্রণয়ন, অনুমোদন ও সংশোধন এবং পুনর্গঠনের জন্য পরিকল্পনা বিভাগ কর্তৃক PPS নামে একটি সফট্ওয়্যার তৈরি করা হয়েছে যা উন্নয়ন প্রকল্প প্রণয়ন সংক্রান্ত বিদ্যমান গাইডলাইনের সাথে সংগতিপূর্ণ। পরিকল্পনা বিভাগের ২৫ এপ্রিল, ২০১৬ তারিখের ২০.৮০৪.০১৪.০০.০০.০০৮.২০১৪-৯২ নং স্মারকমূলে এ সংক্রান্ত একটি পরিপত্র জারী করা হয়। PPS সফট্ওয়্যারের মাধ্যমে অনলাইনে প্রকল্প প্রক্রিয়াকরণের ফলে সময় সাশ্রয়, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে, প্রকল্প এলাকার অবকাঠামো, জনসংখ্যাসহ বিভিন্ন তথ্যের অবস্থান জানা যাবে। অনলাইনে প্রণয়নকৃত প্রকল্পের একটি সেন্ট্রাল ডাটাবেজ তৈরি এবং অন্যান্য ডিজিটাল সার্ভিস উক্ত ডাটাবেজের সাথে ইন্ট্রিগ্রেশনের মাধ্যমে নিয়মিতভাবে হালনাগাদ তথ্য দ্রুত আদান প্রদান করা সম্ভব হবে; যার ফলে সরকারি আর্থিক ব্যবস্থার আমূল পরিবর্তন সাধিত হবে মর্মে তিনি সভায় জানান। PPS এর মাধ্যমে পরিকল্পনা বিভাগের AMS, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের FAMS, অর্থ বিভাগের iBAS++ বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের e-PMIS-এ সফটওয়্যারগুলোর ইন্ট্রিগ্রেশন করা হচ্ছে মর্মে তিনি সভায় অবহিত করেন।

২.১৫। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সচিব সভায় উল্লেখ করেন যে, এডিপিভুক্ত প্রকল্পের পরিবীক্ষণ ও মূল্যায়ন স্বল্প সময়ে অধিকতর স্বচ্ছতা, জবাবদিহিতা ও value for money নিশ্চিতকরণের লক্ষ্যে e-PMIS সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। এ সফটওয়্যার ব্যবহারের ফলে ইআরডি, কার্যক্রম বিভাগ, অর্থ বিভাগ এবং আইএমইডির তথ্যগত অসামঞ্জস্যতা দূরীভূত হবে। একইসাথে, এ সফটওয়্যারের মাধ্যমে এডিপিভুক্ত প্রকল্পসমূহের অগ্রগতির তথ্যসহ প্রকল্প

সংশ্লিষ্ট অন্যান্য তথ্যাদি সংরক্ষণ করা হবে এবং প্রকল্পের ক্রমপুঞ্জিত অগ্রগতিসহ প্রকল্প সমাপ্তি প্রতিবেদন, মূল্যায়ন প্রতিবেদন ইত্যাদি সংরক্ষিত থাকবে।

২.১৬। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব সভায় উল্লেখ করেন যে, বিদ্যমান ম্যানুয়েল পদ্ধতির পরিবর্তে অনলাইনভিত্তিক ডিপিপি প্রণয়ন, প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি চালু করা হলে প্রকল্প প্রক্রিয়াকরণে সময় সাশ্রয় এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে। এর ফলে প্রকল্প প্রক্রিয়াকরণকালে প্রকল্প এলাকার স্থানিক অবস্থান জানা যাবে এবং অন্যান্য ডিজিটাল সার্ভিসের সাথে উক্ত ডাটাবেজের ইন্ট্রিগ্রেশনের ফলে নিয়মিতভাবে হালনাগাদ তথ্য দ্রুত আদান প্রদান সম্ভবপর হবে; যা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

৩. **সিদ্ধান্তঃ**

৩। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র নং | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| ৩.১ | বৈদেশিক অর্থায়নপুষ্ট প্রকল্প বাস্তবায়নে ক্রয় প্রক্রিয়ার প্রতিটি ধাপে উন্নয়ন সহযোগীদের নিকট থেকে সম্মতি/অনাপত্তি (NoC) গ্রহণের বিষয়টি সহজীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |
| ৩.২ | Line of Credit (LoC) এর মাধ্যমে বাস্তবায়িত কিছু প্রকল্পে উদ্ভুত জটিলতা দ্রুত নিরসনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্টদের অংশগ্রহণে দ্রুত একটি সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |
| ৩.৩ | কৃষি জমিতে সোলার প্ল্যান্ট স্থাপনের পরিবর্তে বিদ্যমান স্কুল ভবন বা উঁচু ভবনে সোলার প্ল্যান্ট স্থাপন করা যেতে পারে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| ৩.৪ | নিয়মিতভাবে মাঠ পর্যায়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন ও পরিবীক্ষণ করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| ৩.৫ | বৈদেশিক অর্থায়নপুষ্ট প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য গঠিত কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন করতে হবে। | কার্যক্রম বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন। |
| ৩.৬ | GCRD নীতিমালার আলোকে প্রযোজ্য ক্ষেত্রে Preliminary Development Project Proposal (PDPP) প্রস্তুতপূর্বক ইআরডি'তে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| ৩.৭ | GCRD এর আলোকে প্রকল্প গ্রহণ করে বৈদেশিক অর্থায়ন প্রাপ্তি ও এর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| ৩.৮ | পিপিএস সফটওয়্যারের মাধ্যমে প্রকল্প প্রক্রিয়াকরণ শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১.০৩.২০২৪

(মোঃ তোফাজ্জল হোসেন মিয়া)
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়